| | | |
|---|---|---|
| স্বত্ব | : | বাংলাদেশ স্কাউটস |
| উপদেষ্টা পরিষদ | : | **মোঃ এহছানুল হক**<br>আহবায়ক, এডহক কমিটি, বাংলাদেশ স্কাউটস<br>**মীর মাহবুবুর রহমান স্নিগ্ধ**<br>সদস্য সচিব, এডহক কমিটি, বাংলাদেশ স্কাউটস |
| সম্পাদনা পরিষদ | : | **মুঃ তৌহিদুল ইসলাম**<br>সদস্য (অ্যাডাল্ট রিসোর্সেস), এডহক কমিটি, বাংলাদেশ স্কাউটস<br>**জনাব মোঃ আসিফ-উল-হক**<br>সদস্য, এডহক কমিটি, বাংলাদেশ স্কাউটস<br>**জনাব মোঃ আশিকুর রহমান**<br>যুগ্ম আহবায়ক, অ্যাডাল্ট রিসোর্সেস বিষয়ক জাতীয় উপ কমিটি<br>**ডাক্তার মোহাম্মদ শাহরিয়ার রহমান**<br>সদস্য, অ্যাডাল্ট রিসোর্সেস বিষয়ক জাতীয় উপ কমিটি<br>**মোঃ তৌহিদুজ্জামান (নিপু)**<br>সদস্য, অ্যাডাল্ট রিসোর্সেস বিষয়ক জাতীয় উপ কমিটি<br>**জনাব মোঃ আতাউর রহমান(লিডার ট্রেনার)**<br>সদস্য, অ্যাডাল্ট রিসোর্সেস বিষয়ক জাতীয় উপ কমিটি<br>**এম. এম কামরুল হাসান (পিআরএস ও উডব্যাজার)**<br>সদস্য, অ্যাডাল্ট রিসোর্সেস বিষয়ক জাতীয় উপ কমিটি<br>**মোঃ তৌফিকুজ্জামান তালুকদার (অপু)**<br>সদস্য, অ্যাডাল্ট রিসোর্সেস বিষয়ক জাতীয় উপ কমিটি |
| প্রকাশক | : | **জনাব মোঃ শামসুল হক**<br>নির্বাহী পরিচালক (চলতি দায়িত্ব), বাংলাদেশ স্কাউটস |
| সার্বিক সমন্বয় | : | **এ, এইচ, এম, মহসিন**<br>উপ পরিচালক (এআইএস, এক্সটেনশন স্কাউটিং ও প্রশিক্ষণ), বাংলাদেশ স্কাউটস |
| প্রকাশনা | : | অ্যাডাল্ট রিসোর্সেস বিভাগ,বাংলাদেশ স্কাউটস |
| প্রকাশকাল | : | প্রথম প্রকাশ : মে ২০০৯<br>দ্বিতীয় মুদ্রণ : ডিসেম্বর ২০১০<br>তৃতীয় মুদ্রণ : নভেম্বর ২০১৬<br>চতুর্থ মুদ্রণ : মার্চ ২০২০<br>পঞ্চম মুদ্রণ : মে ২০২৪<br>ষষ্ঠ মুদ্রণ : জুন ২০২৫ |

গ্রাফিক ডিজাইন : কে এম ইউছুফ আলী এএলটি মুদ্রণ : টু এন এন্টারপ্রাইজ

# শুভেচ্ছা বাণী

স্কাউটিং একটি জীবন গঠনমূলক আন্দোলন, যা শিশু-কিশোর ও যুব সমাজকে সৎ, নিষ্ঠাবান, মানবিক ও আত্মনির্ভরশীল নাগরিক হিসেবে গড়ে তুলতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

আমরা গর্বিত যে বাংলাদেশ স্কাউটস তার কর্মকাণ্ডের মাধ্যমে জাতীয় উন্নয়নে অগ্রণী ভূমিকা রেখে চলেছে। আপনাদের নিষ্ঠা, পরিশ্রম ও মানবিক মূল্যবোধ এই আন্দোলনের মূল প্রেরণা।

বাংলাদেশ স্কাউটস-এর অ্যাডাল্ট রিসোর্সেস বিভাগের উদ্যোগে 'জাতীয় এডাল্টস ইন স্কাউটিং নীতি' গ্রন্থটি পুনঃমুর্দ্রণের খবর অত্যন্ত আনন্দদায়ক। আমি বিশ্বাস করি, এই বইটি আমাদের এডাল্ট লিডারদের জন্য একটি গুরুত্বপূর্ণ দিকনির্দেশক হিসেবে কাজ করবে। এতে এডাল্ট লিডারদের ভূমিকা, সংগঠনের বিভিন্ন স্তরে কর্মকর্তা নিয়োগ, চাহিদা নিরূপণ, প্রশিক্ষণ, দায়িত্ব বণ্টন এবং অবসর প্রদানসহ নানা গুরুত্বপূর্ণ বিষয় সুনির্দিষ্টভাবে উপস্থাপন করা হয়েছে।

একটি বৈষম্যহীন, মানবিক ও সুসংগঠিত বাংলাদেশ গঠনে স্কাউটদের অবদান অনস্বীকার্য। সমাজে ভেদাভেদ ও শ্রেণিবৈষম্য দূর করতে স্কাউটরা সবসময় অগ্রণী ভূমিকা পালন করেছে। স্বেচ্ছাসেবার ব্রত নিয়ে লক্ষ লক্ষ স্কাউট একই পতাকার ছায়ায় নিষ্ঠার সঙ্গে কাজ করে চলেছে। শুদ্ধ জীবনচর্চা ও সমাজসেবায় স্কাউটিং-এর বিকল্প নেই।

এই মহৎ সেবামূলক আন্দোলনের সঙ্গে যুক্ত থেকে যাঁরা নিরলসভাবে কাজ করে যাচ্ছেন, তাঁদের সকলকে জানাই অন্তরের গভীর থেকে কৃতজ্ঞতা ও শুভেচ্ছা।

আমি আশাবাদী, ভবিষ্যতেও আপনারা স্কাউটিং-এর মূলনীতি ও আদর্শকে ধারণ করে সমাজের কল্যাণে আরও গুরুত্বপূর্ণ অবদান রেখে যাবেন।

'জাতীয় এডাল্টস ইন স্কাউটিং নীতি' বইটির পুনঃমুর্দ্রণ ও পরিমার্জনে যারা গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছেন সংশ্লিষ্ট সকলকে জানাই আন্তরিক অভিনন্দন ও শুভেচ্ছা।

স্কাউটিং হোক প্রতিটি জীবনের অনুপ্রেরণা।

Mahbub

মীর মাহবুবুর রহমান স্নিগ্ধ
সদস্য সচিব
এডহক কমিটি, বাংলাদেশ স্কাউটস

# মুখবন্ধ

অ্যাডাল্ট লিডারগণ স্কাউট আন্দোলনের মূল চালিকা শক্তি হিসেবে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছেন। স্কাউটিং সম্প্রসারণ, গুণগত মানোন্নয়ন এবং স্কাউটদের সংখ্যা বৃদ্ধিতে বয়স্ক নেতাদের বলিষ্ঠ ভূমিকার ফলে স্কাউট আন্দোলন বিশ্বব্যাপী সর্ববৃহৎ যুব আন্দোলন হিসেবে পরিচিতি লাভে সক্ষম হয়েছে ।

বিশ্ব স্কাউট সংস্থা স্কাউটিং আন্দোলনকে আরও গতিশীল করার পদক্ষেপ হিসেবে ১৯৮৮ সালে বিশ্ব বয়স্ক সম্পদ নীতি গ্রহণ করে জাতীয় স্কাউট সংস্থাগুলোকে তা বাস্তবায়নের নির্দেশনা প্রদান করেছে। বাংলাদেশ স্কাউটস ২০০৯ সালের ২৩ মার্চ 'জাতীয় অ্যাডাল্টস ইন স্কাউটিং নীতি' গ্রহণ করেছে।

বাংলাদেশ স্কাউটস এর অ্যাডাল্ট রিসোর্সেস বিভাগ থেকে 'জাতীয় অ্যাডাল্টস ইন স্কাউটিং নীতি' বইটির পরিমার্জিত সংস্করণ প্রকাশ করতে পারায় আমি অত্যন্ত আনন্দিত। অ্যাডাল্ট লিডারগণ বইটি পাঠ করে উপকৃত হবেন বলে আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি। অ্যাডাল্ট লিডারগণ তাদের দায়িত্ব ও কর্তব্য, কার্যপরিধি বিষয়ক সিদ্ধান্ত গ্রহণসহ অ্যাডাল্ট লিডার হিসেবে দক্ষতা অর্জনে ও তার সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকল্পে বইটি ইতিবাচক ভূমিকা রাখবে বলে আমি আশাবাদী। তাছাড়া বইটির পুনঃমুদ্রণে অ্যাডাল্ট লিডারদের প্রশিক্ষণ, কার্যপরিধি, আচরণবিধি, অ্যাডাল্ট লিডার নিয়োগের চুক্তিপত্র ও নিয়োগপত্র নবায়ন অথবা দায়িত্ব থেকে অব্যাহতি প্রদানের বিষয়ে পদক্ষেপ গ্রহণ করতে পারবেন। স্ব-মূল্যায়ন ফরম পরিশিষ্ট হিসেবে সংযুক্ত করা হয়েছে। এতে বইটির গুরুত্ব বহুলাংশে বৃদ্ধি পেয়েছে।

স্বল্প সময়ে বইটি প্রকাশের কাজ করা হয়েছে। অনিচ্ছা সত্ত্বেও কিছু তথ্যগত ভূল এবং মুদ্রণ প্রমাদ থেকে যেতে পারে। এ জন্য আমি দুঃখ প্রকাশ করছি। বইটিতে নতুন কোন সংযোজন অথবা পরামর্শ থাকলে তা আমাদের অ্যাডাল্ট রিসোর্সেস বিভাগে জানাতে অনুরোধ করছি। পরবর্তী মূদ্রণের সময় সংশোধন, পরিমার্জন করার প্রতিশ্রুতি প্রদান করছি। জাতীয় অ্যাডাল্টস ইন স্কাউটিং নীতি গ্রহণ, প্রণয়ন এবং বইটির পুনঃমুদ্রণের সাথে সংশ্লিষ্ট সকলকে আমি আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ করছি।

মুঃ তৌহিদুল ইসলাম
সদস্য (অ্যাডাল্ট রিসোর্সেস)
এডহক কমিটি, বাংলাদেশ স্কাউটস

৯. বেসিক কোর্স সম্পন্নকারীদের তথ্য সংরক্ষণ এবং তাদের উদ্বুদ্ধকরণপূর্বক ইউনিট গঠন ও ইউনিট পরিচালনায় সহায়তা প্রদান করা।

আমি, ................................ এই মর্মে চুক্তি সম্পন্ন করছি যে, নিয়োগ গ্রহণকারীকে তার দায়িত্ব পালনে জেলা স্কাউটস এর পক্ষ থেকে তাকে নিম্নরুপ সহায়তা প্রদান করবোঃ

১. সম্ভাব্য দ্রুত সময়ের মধ্যে জেলা স্কাউট লিডার কোর্স সম্পাদনের ব্যবস্থা করা;

২. কার্যাবলী সম্পাদনের জন্য প্রয়োজনীয় উপকরন সহ আন্তরিক ও সাংগঠনিক সহায়তা প্রদান;

৩. চাহিদা অনুযায়ী প্রয়োজনীয় অর্থ বরাদ্ধ করা;

৪. ব্যাক্তিগত উন্নয়ণের জন্য ১টি উচ্চতর ইংরেজী ভাষা কোর্স সম্পন্ন করার ব্যবস্থা করা;

৫. নির্বাচিত হলে ফিলিপাইনে অনুষ্ঠিতব্য আসন্ন এশিয়া প্যাসিফিক জাম্বুরিতে অংশগ্রহনের প্রকৃত ব্যয়ের অর্ধেক প্রদান করা;

৬. শর্তপূরণ সাপেক্ষে কোর্সের মূল্যায়ন শেষে তাঁকে বার টু দা মেডেল অব মেরিট প্রদানের সুপারিশ করা;

কার্যকর ভূমিকা রাখার জন্য পারস্পরিক সম্মতির ভিত্তিতে উপরিউক্ত অঙ্গীকার মোতাবেক উক্ত পদের নিয়োগ প্রদানে ও নিয়োগ গ্রহণে উভয়পক্ষ চুক্তিবদ্ধ হলাম।

| নিয়োগ প্রদানকারী | নিয়োগ প্রদানকারী |
|---|---|
| **নামঃ ..............................** | **নামঃ ......................................** |
| কমিশনার | জেলা স্কাউট লিডার |
| বাংলাদেশ স্কাউটস, ............... জেলা | বাংলাদেশ স্কাউটস, ............... জেলা |

** উক্ত নমুনা মোতাবেক চুক্তিপত্র করা স্কাউট আন্দোলনের সকল অ্যাডাল্ট লিডার নিয়োগের জন্য প্রযোজ্য।*

